নেত্রকোণা সদর উপজেলা পরিষদের জুলাই ২০২৪ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী :

সভাপতি : মোঃ মারুফ হাসান খান, চেয়ারম্যান,উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা
সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।
সভার তারিখ : ২৫.০৭.২০২৪
সভার সময় : সকাল ১১.৩০ ঘটিকা
সভা নং : ০২

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট ক, খ ও গ দ্রষ্টব্য ঃ

উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ মারুফ হাসান খান উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। অত:পর বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোন সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

| ক্র নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান সম্প্রতি বন্যায় যে সকল ইউনিয়নের এলজিইডি রাস্তার ক্ষয়ক্ষতি হয়েছে তার তালিকা দেয়ার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।<br><br>চেয়ারম্যান রৌহা ইউপি ইউনিয়ন পরিষদের কুমড়ী বাজার হতে বালীজুরি সরকারি সরকারি প্রাথমিক পর্যন্ত নির্মানধীন রাস্তাটি আরো উচু করার জন্য অনুরোধ জানান। তা না হলে রাস্তাটি বর্ষাকালে পানির নিচে ডুবে যাবে।<br><br>চেয়ারম্যান, কেগাতী ইউপি জানান ২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপি'র আওতায় তার ইউনিয়নের একটি ইউড্রেন ভালভাবে হয়নি এবং ঈদগাহ মাঠের উন্নয়ন কাজ শেষ হয়নি।<br><br>চেয়ারম্যান, দক্ষিণ বিশিউড়া ইউপি জানান ২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপি'র আওতায় তার ইউনিয়নের একটি নলকূপ স্থাপন করা হয়নি। বালি বাজার থেকে মহিষহাটী বাজার পর্যন্ত ৩০০ ফুট নতুন রাস্তাটি ভেঙ্গে গেছে। উক্ত রাস্তাটি মেরামত করার জন্য অনুরোধ জানান।<br><br>চেয়ারম্যান মদনপুর ইউপি জানান তার ইউনিয়নের কাশিমপুর রাস্তাটি ভেঙ্গে গেছে। উক্ত রাস্তাটি মেরামত করার জন্য অনুরোধ জানান।<br><br>চেয়ারম্যান, আমতলা ইউপি জানান তার ইউনিয়নের পাচকানিয়া হতে ইউনিয়ন পরিষদ পর্যন্ত রাস্তাটি ভেঙ্গে গেছে। তাছাড়া ২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপি'র আওতায় তার ইউনিয়নের ০৬টি নলকূপ স্থাপন করা হয়। কিন্তু নলকূপগুলোর পানি আয়রন ভরপুর। এ বিষয়ে ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ জানান। | সকল ইউনিয়নের ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) আওতায় বাস্তবায়িত প্রকল্পসমূহ সরেজমিন পরিদর্শন করে সমস্যা সমাধান করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>সম্প্রতি বন্যায় যে সকল ইউনিয়নের এলজিইডি রাস্তার ক্ষয়ক্ষতি হয়েছে তার তালিকা দেয়ার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>দক্ষিণ বিশিউড়া, মদনপুর, আমতলা ইউনিয়নসহ এলজিইডি'র আওতায় নির্মিত ভেঙ্গে যাওয়া রাস্তাগুলো দ্রুত মেরামত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, নেত্রকোণা সদর, নেত্রকোণা ও সংশ্লিষ্ট সকল। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) |
| ২. | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। প্রতিমাসে নিয়মিত স্কুল পরিদর্শন করা হয়। বিদ্যালয়ে নিয়মিত শিক্ষকদের ও ছাত্র-ছাত্রীদের উপস্থিতি মনিটরিং করা হচ্ছে। বিদ্যালয়ের আশ-পাশ পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য প্রধান শিক্ষকগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে।<br><br>তিনি আরো জানান সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন ভবন ভাঙ্গার তালিকা করা হচ্ছে। কোন ইউনিয়ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবন থাকলে তার নাম প্রেরণ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানান। | (ক) নিয়মিত বিদ্যালয় পরিদর্শন করে আগামী সভায় প্রতিবেদন উপস্থাপন করতে হবে।<br>(খ) বিদ্যালয়ে যথাসময়ে শিক্ষকদের উপস্থিতি নিশ্চিত করত হবে।<br>(গ) শিক্ষার্থী ঝড়ে পড়া রোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঘ) বিদ্যালয়ের আঙ্গিনা পরিস্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঙ) যে সকল বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি নেই তা দ্রুত গঠনের পদক্ষেপ নিতে হবে।<br>(চ) যে সকল প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক অকোজো আছে তা সরেজমিন | উপজেলা প্রকৌশলী<br><br>উপজেলা শিক্ষা অফিসার, নেত্রকোণা সদর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | পরিদর্শন পূর্বক তালিকা প্রস্তুত করে উপ- সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী বরাবর প্রেরণ করতে হবে।<br>(ছ) বিদ্যালয়ের জরাজীর্ণ ভবন এবং ঝড়ে পড়ে যাওয়া গাছ নিলামে বিক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৩. | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে খরিপ-২ মৌসুমে রোপা আমন বীজতলা লক্ষ্যমাত্রা হাইব্রীড-৪০ হে:, উফশী-৯০২ হে:, স্থানীয়-২৭ মোট = ৯৬৯ হে:। রোপা আমনের বীজতলা অর্জিত হাইব্রীড ৫৫ হে:, উফশী ৮৮৭ হে: স্থানীয় -২৬ মোট ৯৬৮ হে: অর্জিত হয়েছে। রোপা আমন বীজতলা বর্তমান অবস্থা ভাল। উপ-সহকারী কৃষি অফিসারগণ সার্বক্ষণিক কৃষকদের পাশে থেকে ফসলের পোকা মাকড় ও রোগবালাই দমনসহ অন্যান্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে যাচ্ছেন। প্রাকৃতিক কোন প্রকার দুর্যোগ না আসলে ভাল ফলন আশা করেন। গত ২৪/০৭/২০২৪ তারিখ পর্যন্ত ইউরিয়া-৩৪২ মে.টন, টিএসপি-১৯৮, মে. টন এমওপি-১৯০ মে.টন, ডিএপি-৩৩০ মে.টন মজুদ আছে। | (ক) সার ও বীজের কৃত্রিম সংকট যেন না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br>(খ) কৃষি উৎপাদন বাড়াতে মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণের পরামর্শ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) কৃষি উৎপাদন (ধান, সরিষা, শাক সবজি, ফলমূল, পাট) বাড়াতে কর্মপরিকল্পনা প্রনয়ন করতে হবে এবং আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঘ) ইউনিয়নওয়ারী বিভিন্ন প্রকার সার কি পরিমান মজুদ আছে তা সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঙ) সারের বরাদ্দ ও বিতরণের তথ্যাদি ইউনিয়ন পরিষদের হোয়াটস্ অ্যাপস গ্রুপে প্রদান করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা |
| ৪. | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, গবাদি পশুর টিকা-১৮১২ মাত্রা, হাঁস-মুরগীর টিকা-৫৫০০মাত্রা, গবাদি পশুর চিকিৎসা-৩৩৭৮টি, হাসঁ-মুরগীর চিকিৎসা ২৫৩২৭ টি এবং কৃত্রিম প্রজনন-৭৬৬ টি। নেত্রকোণা সদর উপজেলায় গবাদিপশুর খামার সংখ্যা ৭৮৮টি। | (ক) উপজেলায় কতটি গবাদি পশুর খামার আছে তার সঠিক সংখ্যা আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) গবাদি পশু মোটা তাজাকরণে রাসায়নিক দ্রব্য ব্যবহার প্রতিরোধে নিয়মিত মনিটরিং করতে হবে।<br>(গ) গবাদি পশুর রোগ ব্যাধি কমাতে ,মাঠ পর্যায়ে খামারীদের নিয়মিত পরামর্শ প্রদান করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা |
| ৫. | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের টি. আর ও কাবিখা আওতায় গৃহীত প্রকল্পের কাজ শতভাগ বাস্তবায়ন করা হয়েছে। তাছাড়া বন্যা, ঘূর্ণিঝড় ও প্রাকৃতিক দুর্যোগে জরুরী পরিস্থিতি মোকাবেলায় ৮০ প্যাকেট শিশু খাদ্য, গো-খাদ্য খৈল ১১০ কেজি, ভূষি ৬০০ কেজি ও জিআর ৫ মে.টন মজুদ আছে। বিভিন্ন ইউনিয়নে তালগাছের চারা রোপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। | ২০২৩-২০২৪ অর্থ বছরের কাবিখা, কাবিটা ও টিআর কর্মসূচির আওতায় বাস্তবায়িত প্রকল্পসমূহ মনিটরিং রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার<br><br>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) |
| ৬. | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান মৎস্য সুরক্ষায় মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন এর আওতায় জলাশয়ে অবৈধ বাঁধ নিরসন কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া আগামী ৩১ জুলাই ২০২৪ তারিখ মৎস্য সপ্তাহ উদযাপন করা হবে ও পোনা অবমুক্ত করা হবে। | (ক) মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(খ) মৎস্য চাষ বাড়াতে সরেজমিন পরিদর্শন করে খামারীদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতে হবে।<br>(গ) নদী, খাল ও মুক্ত জলাশয়ে নিষিদ্ধ জাল, মাছ ধরার উপকরণ ব্যবহার রোধে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঘ) ইউপি চেয়ারম্যানগণকে জলাশয়ে অবৈধ বাঁধ অথবা স্থাপনা অপসারনের জন্য প্রয়োজনীয় তথ্য প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, নেত্রকোণা সদর নেত্রকোণা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | পরিবার পরিকল্পনা বিভাগ | তিনি জানান তার কার্যালয়ের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | (ক) বিভিন্ন ইউনিয়নে পরিবার পরিকল্পনা পদ্ধতির আওতায় কি কি কাজ চলমান রয়েছে তার বিস্তারিত তথ্যাদি সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) বিভিন্ন ইউনিয়নে কতটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র/ স্যাটেলাইট ক্লিনিক রয়েছে এবং প্রতিটি কেন্দ্রে ডাক্তার আছে কিনা তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ) প্রতিটি স্যাটেলাইট ক্লিনিকে নরমাল ডেলিভারী তথ্য দেয়ার সিদ্ধান্ত হয়। প্রতিটি ক্লিনিকে জাতীয় পতাকা যথাযথভাবে টানানোর সিদ্ধান্ত হয়। | উপজেলা ... কর্মকর্তা, নেত্রকোণা সদর |
| ৮. | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে নেত্রকোনা সদর উপজেলায় প্রাপ্ত বয়স্ক এবং বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতার বরাদ্দ যথাক্রমে ৯৮৪ ও ১৬৯০। | (ক) উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) বয়স্কভাতা, বিধবা ও স্বামী পরিত্যাক্তা ভাতা ও প্রতিবন্ধী ভাতার ইউনিয়ন ভিত্তিক সংখ্যা সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঘ) প্রতিবন্ধী ভাতার অনলাইন আবেদনগুলো পে-রোল রাখতে পরবর্তী কার্যক্রমের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, সদর, নেত্রকোণা<br><br>চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) |
| ৯. | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান বিডব্লিউবি চালের বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ পাওয়া গেলে যথা শীঘ্রই ডিও প্রদান করা হবে। | (ক) বিডব্লিউবি কার্যক্রমে যাতে জটিলতা সৃষ্টি না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br>(খ) প্রতিমাসে প্রত্যেক ইউনিয়নে একটি বাল্য বিবাহ প্রতিরোধ সভা করতে হবে।<br>(গ) কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম সচল রাখতে হবে এবং কতটি কিশোর কিশোরী ক্লাব আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে। যেসকল কিশোর কিশোরী ক্লাবে বিভিন্ন পদ শূন্য রয়েছে তা জরুরী ভিত্তিতে পূরণ করতে হবে।<br><br>(ঘ) মা ও শিশু সহায়তা কর্মসূচির ভাতাভোগীদের নামের তালিকা ইউনিয়ন কমিটি থেকে উপজেলা কমিটিতে দ্রুত পাঠাতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নেত্রকোণা সদর<br><br>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) |
| ১০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য বিষয়ক কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চলতি অর্থ বছরে গভীর নলকূপের নতুন বরাদ্দ পাওয়া গেছে। খুব শীঘ্রই উপজেলা কমিটির সভা আহ্বান করা হবে। তাছাড়া ২০২২ সালের বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকার জন্য গভীর নলকূপের বরাদ্দ পাওয়া গেছে। | গভীর নলকূপসমূহ যথাসময়ে যথাযথভাবে স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য নেত্রকোণা সদর |
| ১১ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, তিনি জানান যে, উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি, আবর্তক (কৃষি) ঋণ কর্মসূচি, সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচী (সদাবিক), পল্লী প্রগতি কর্মসূচি, ক্ষুদ্র উদ্যোক্তা ঋন (এসএমই) কর্মসূচি, বীর মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান কর্মসূচির কার্যক্রম চলমান। এছাড়া সরকারের এডিপিভুক্ত দুইটি প্রকল্প-অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প | বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পল্লী উন্নয়ন কর্মকর্তা, নেত্রকোণা সদর |

CamScanner

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>(পিআরডিপি-৩) এবং দারিদ্র বিমোচনের জন্য পুষ্টিসমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি চলমান রয়েছে এবং সুষ্ঠুভাবে বাস্তবায়িত হচ্ছে। অগ্রগতি নিম্নরুপ :
<table>
<tr><th>কার্যক্রম</th><th>২০২৪-২০২৫ অর্থবছরে অগ্রগতি</th><th>ক্রমপুঞ্জিত, অগ্রগতি</th></tr>
<tr><td>সমিতি/দলগঠন</td><td>-</td><td>২৮৩টি</td></tr>
<tr><td>উপকারভোগী/সদস্য ভর্তি</td><td>-</td><td>৬৯১৮জন</td></tr>
<tr><td>পুঁজি গঠন ( শেয়ার ও সঞ্চয় আদায়)</td><td>০.৬৫ লক্ষ</td><td>৯২.৫৫ লক্ষ</td></tr>
<tr><td>প্রশিক্ষণপ্রদান</td><td>-</td><td>৩০৭০ জন</td></tr>
<tr><td>ঋণবিতরণ</td><td>৫.৪৭ লক্ষ</td><td>২০৫১.৯৪ লক্ষ</td></tr>
<tr><td>ঋণআদায়</td><td>১৭.৩১ লক্ষ</td><td>১৬৩৭.৬১ লক্ষ</td></tr>
<tr><td>ক্ষুদ্র স্কীম বাস্তবায়ন</td><td>-</td><td>৪৮ টি</td></tr>
</table>
</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>১২</td>
<td>সমবায় বিভাগ</td>
<td>উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, আরো ০৫টি নতুন সমবায় সমিতি গঠন করা হয়েছে। বাউশী ও তাতিয়র আশ্রয়নে ঋন কার্যক্রম চলমান রয়েছে।</td>
<td>মুজিববর্ষ উপলক্ষে নির্মিত আশ্রয়ন প্রকল্পসমূহে সমিতি গঠন করা হয়েছে কিনা এবং ঋণ বিতরণ করা হয়েছে কিনা তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td>উপজেলা সমবায় অফিসার, নেত্রকোণা সদর</td>
</tr>
<tr>
<td>১৩</td>
<td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক</td>
<td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ধান ও চালের বাজার দর মনিটরিং করা হচ্ছে।</td>
<td>(ক) বর্তমানে কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্য ও খাদ্যশস্য কি পরিমান মজুদ আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) ওএমএস চাল বিতরণের সময় প্রত্যেক ডিলারের কার্যক্রম নিয়মিত পরিদর্শন করতে হবে।</td>
<td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার, নেত্রকোণা সদর</td>
</tr>
<tr>
<td>১৪</td>
<td>উপজেলা যুব উন্নয়ন</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান আগামী ০৪ নভেম্বর জাতীয় দিবস উদযাপন করা হবে। সকলকে জাতীয় যুব দিবসের অনুষ্ঠানে অংশগ্রহণ করার জন্য অনুরোধ জানান। মে/২৪ মাসে যুব কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন নিম্নরূপ ঃ
<table>
<tr><th>ক্র নং</th><th>বিবরণ</th><th>কার্যক্রম</th></tr>
<tr><td>১</td><td>বরাদ্দকৃত মূলধন</td><td>২,৩১,৮৮০০/-</td></tr>
<tr><td>২</td><td>মোট বিতরণকৃত ঋণের পরিমাণ</td><td>৩,১৬,০৭,০০০/-</td></tr>
<tr><td>৩</td><td>চলতি অর্থ বছরে বিতরণ</td><td>২,৭১০০০/-</td></tr>
<tr><td>৪</td><td>বিবেচ্য মাসে বিতরণ</td><td>৩,৬০,০০০/-</td></tr>
<tr><td>৫</td><td>আদায়যোগ্য ক্রমপুঞ্জিত</td><td>২,৫৫,৪২,৩৭১/-</td></tr>
<tr><td>৬</td><td>আদায়কৃত ক্রমপুঞ্জিত</td><td>২,৪৭,৩৪,৩৫২/-</td></tr>
<tr><td>৭</td><td>আদায়ের হার</td><td>১০০%</td></tr>
<tr><td>৮</td><td>আদায়যোগ্য চলমান</td><td>১,৭০,০০০/-</td></tr>
<tr><td>৯</td><td>আদায়কৃত চলমান</td><td>১,৭০,০০০/-</td></tr>
<tr><td>১০</td><td>আদায়ের হার</td><td>১০০%</td></tr>
<tr><td>১১</td><td>মেয়াদ উর্ত্তীন খেলাপী পরিমান</td><td>৫,৪৪,৬৪৯/-</td></tr>
<tr><td>১২</td><td>ঋন খেলাপী আদায়</td><td>২৪,৯৭৫/-</td></tr>
<tr><td>১৩</td><td>কিস্তি খেলাপীর পরিমান</td><td>-</td></tr>
<tr><td>১৪</td><td>কিস্তি খেলাপী আদায়</td><td>১০৫০০/-</td></tr>
<tr><td>১৫</td><td>মোট উপকার ভোগীর সংখ্যা</td><td>৫৮০ জন</td></tr>
<tr><td>১৬</td><td>মোট ঋন সংখ্যা</td><td>৭৭৯ জন</td></tr>
<tr><td>১৭</td><td>চলমান ঋন সংখ্যা</td><td>২৩৪ জন</td></tr>
<tr><td>১৮</td><td>চলতি বছরে প্রশিক্ষনার্থীর সংখ্যা</td><td>৪২০ জন</td></tr>
<tr><td>১৯</td><td>ক্রমপুঞ্জিত প্রশিক্ষনার্থীর সংখ্যা</td><td>৬২১৫ জন</td></tr>
<tr><td>২০</td><td>চলতি অর্থ বছরে আত্মকর্মীর সংখ্যা</td><td>৯৩ জন</td></tr>
</table>
</td>
<td>বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা যুব উন্নয়ন অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা</td>
</tr>
</table>

CamScanner

<table>
<tr><td></td><td></td><td><table><tr><td>২১</td><td>ক্রমপুঞ্জিত আত্মকর্মীর সংখ্যা</td><td>৪১২২ জন</td></tr></table></td><td></td><td></td></tr>
<tr><td>১৫</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন, স্কুল ও মাদ্রাসার শ্রেণি কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিতকরণ, মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। শ্রেনি শিক্ষকগণের তালিকা প্রেরণ সংক্রান্ত কার্যক্রমসহ সরকারী অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া নেত্রকোণা পৌরসভাস্থ উন্মেষ উচ্চ বিদ্যালয়ের যাবতীয় কার্যক্রম সম্পর্কে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণ করবেন।</td><td>(ক) প্রতি মাসে ডিজিটাল ল্যাব পরিদর্শনপূর্বক বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) নিয়মিত বিদ্যালয় /মাদ্রাসা পরিদর্শন করতে হবে।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৬</td><td>পরিসংখ্যান বিভাগ</td><td>উপজেলা পরিসংখ্যান অফিসার জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান জনশুমারী ২০২২ এর তথ্য প্রকাশ করা হয়েছে। এ তথ্য মোতাবেক নেত্রকোণা সদর উপজেলায় মোট জনসংখ্যা ৪,২১,৯৬৪ জন তার মধ্যে পুরুষ ২,০৮,৬৪৬ ও নারী ২,১৩,২৮৭ জন এবং ৩১ জন তৃতীয় লিঙ্গা।</td><td>কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্যসহ আগামী সভায় উপস্থিত থাকতে হবে। করতে হবে।</td><td>উপজেলা পরিসংখ্যান অফিসার, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৭</td><td>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন</td><td>উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন জুন ২০২৪ মাসের অগ্রগতি নিম্নলিখিতভাবে উপস্থাপন করেন।
<table>
<tr><td>কার্যক্রমের নাম</td><td>বিতরণের পরিমান</td><td>আদায়যোগ্য</td><td>আদায়</td><td>আদায়ের হার</td></tr>
<tr><td>ক্ষুদ্র ঋণ</td><td>১৭৫.৩৯</td><td>২০২.১৭</td><td>১৯৮.২৭</td><td>৯৮%</td></tr>
<tr><td>নারী উদ্যোক্তা</td><td>১৪০.২০</td><td>১৫৮.৪১</td><td>১৫৬.৮৪</td><td>৯৯%</td></tr>
<tr><td>উদ্যোক্তা ঋন সেল্প</td><td>১০৫.০০</td><td>১৪১.০৯</td><td>১৩৯.৭০</td><td>৯৯%</td></tr>
<tr><td>প্রণোদনা ২য় পর্যায়</td><td>১৩১.০০</td><td>২২.২২</td><td>২৫.২২</td><td>১০০%</td></tr>
</table></td><td>কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্যসহ আগামী সভায় উপস্থিত থাকতে হবে।</td><td>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৮</td><td>বন বিভাগ</td><td>প্রতিনিধি বন বিভাগ জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>আগামী সভায় বিভাগীয় কার্যক্রমসহ উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা বন সংরক্ষন অফিসার</td></tr>
<tr><td>১৯</td><td>পল্লী সঞ্চয় ব্যাংক</td><td>শাখা ব্যবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংক, নেত্রকোণা সদর সভায় জানান যে, পল্লী সঞ্চয় ব্যাংক এর খেলাপী ঋন আদায়ের জন্য জজ কোর্ট এ প্যানেল আইনজীবী নিয়োগ করা হয়েছে। খেলাপী সদস্যদের আইনি প্রক্রিয়ায় খেলাপী টাকা আদায়ের ব্যবস্থা নেয়া হবে।</td><td>বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয়ী ব্যাংক, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>২০</td><td>স্বাস্থ্য বিভাগ</td><td>উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাছাড়া ৫ম শ্রেণি থেকে ৯ম শ্রেণি পর্যন্ত মেয়েদের জরায়ু ক্যান্সার প্রতিরোধের টীকা দেওয়া হবে। কমিউনিটি ক্লিনিকগুলোতে ০৭ জাতের ঔষধের সরবরাহ কমে গেছে। তা সকলকে অবহিত করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।<br><br>চেয়ারম্যান, সিংহের বাংলা ইউপি জানান কান্দুলিয়া কমিউনিটি ক্লিনিকে প্রোভাইডার যথাসময়ে আসে না। ফলে রোগীদের কষ্ট করতে হয়।</td><td>(ক) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে কি কি ধরণের ঔষধ বিনামূল্যে প্রদান করা হয় এবং কি কি সরকারি সেবা প্রদান করা হয় তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) উপজেলা কতগুলো কমিউনিটি ক্লিনিক আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে এবং কমিউনিটি ক্লিনিকগুলোতে বিনামূল্য কি কি সেবা ও ঔষধ প্রদান করা হয় তার তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ) কমিউনিটি ক্লিনিকগুলোতে প্রোভাইডারগণের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>(ঘ) প্রতিমাসে অন্তত ০৩টি কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করে বিস্তারিত প্রতিবেদন সভায় উপস্থাপন করতে হবে।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, নেত্রকোণা সদর, নেত্রকোণা।</td></tr>
<tr><td>২১</td><td>উপজেলা পরিচালন ও উন্নয়ন</td><td>উপজেলা ফিসিলিটেটর জানান স্থানীয় সরকারকে শক্তিশালীকরণের জন্য উপজেলা ওয়েব পোর্টাল আপডেট করতে হবে। তিনি উপজেলা পরিষদের মাসিক কার্যবিবরণী, এডিপি'র প্রতিবেদন, স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী ও পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রনয়ন এবং তা ওয়েব পোর্টালে আপডেট করার জন্য অনুরোধ জানান।</td><td>উপজেলা প্রকৌশলী (এলজিইডি)<br>উপজেলা পর্যায়ে কর্মকর্তা (সকল)<br>ইউপি চেয়ারম্যান (সকল)</td><td></td></tr>
</table>

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২২ | আইন, বিধি, সার্কুলার প্রজ্ঞাপন অবহিতকরণ | উপজেলা প্রকৌশলী জানান যে, সরকারি বিধি মোতাবেক বিভিন্ন পরিকল্পনা বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণ সভায় অনুরোধ জানান। | সরকারী বিধি মোতাবেক কমিটিগুলো অনুমোদিত ও গৃহীত হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | - |
| ২৩ | জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ক আলোচনা | উপজেলা নির্বাহী অফিসার জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের সরকার নির্ধারিত কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানান। তিনি জানান জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের তথ্য সংগ্রহের জন্য গ্রাম পুলিশদের কাজে লাগাতে হবে। প্রয়োজনে জন্ম-মৃত্যু নিবন্ধনের কার্যক্রমে এডিপি বরাদ্দের ১% অর্থ ব্যয় করা যাবে। ইউনিয়ন পরিষদ থেকে প্রাপ্ত গত মে/ ২০২৪ মাসের জন্ম মৃত্যু নিবন্ধনের কার্যক্রমের তথ্যাদি পরিশিষ্ট 'গ' সভায় উপস্থাপন করা হয়। | জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম সরকার নির্ধারিত কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) |
| ২৪ | আয় ও ব্যয়ের হিসাব বিবরণী | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, গত ০১.০৬.২০২৪ তারিখ হতে ৩০.০৫.২০২৪ তারিখ পর্যন্ত ব্যাংক বিবরণী মোতাবেক আয় ৩৪,৫০,৫৯৬/৬৪ টাকা এবং ব্যয় ১০,৮২,০৭১.০০ টাকা।<br><br>২০২৩-২০২৪ অর্থ বছরে ব্যয় শেষে উপজেলা রাজস্ব তহবিলে ব্যাংক স্থিতি ৩,৪০,০৬,৫৭৮/- টাকা। তার মাধ্যে ১০% = ৩৪,০৬,৫৭৮/- টাকা রেখে অবশিষ্ট ৩,০৬,০০,০০০/- টাকা ২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলা উন্নয়ন তহবিলে স্থানান্তর করার জন্য আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>নেত্রকোণা সদর, নেত্রকোণা | |
| ২৫ | বিবিধ-১ | (ক) উপজেলা পরিষদের জুন/২০২৪ মাসের আপ্যায়ন, উপজেলা পরিষদের স্থায়ী কমিটির আপ্যায়ন, আনুষংগিক বিল ও পত্রিকার বিল পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) উপজেলা পরিষদের বিভিন্ন অনুষ্ঠানের ব্যানার ও ফুলের তোরা বাবদ বিল পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) নব-নির্বাচিত উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের অফিস কক্ষের জন্য মনিহারী মালামাল ক্রয়, নেইম প্লেট ও অনারবোর্ড প্রস্তুতে বিল পরিশোধ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) ২০২৩-২০২৪ অর্থ বছরের উপজেলা সামাজিক সম্প্রীতি কমিটিরি সভার আপ্যায়নের বিল পরিশোধ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) ২০২৩-২০২৪ অর্থ বছরের মশক নিধনের জন্য উপজেলা পরিষদের আশ-পাশ পরিরস্কার পরিচ্ছন্ন বাবদ বিল পরিশোধ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঙ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভনের নীচ তলার অফিস কক্ষের বৈদ্যুতিক লাইন মেরামত, উপজেলা পরিষদের গাড়ীর গ্যারেজ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানের কক্ষে বৈদ্যুতিক লাইন মেরামত বিল পরিশোধ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(চ) জানুয়ারি-মার্চ/২০২৪ ও এপ্রিল-জুন/২০২৪ পর্যন্ত উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভার আপ্যায়ন বিল পরিশোধ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ছ) ২৬ জুলাই ঐতিহাসিক নাজিরপুর যুদ্ধ দিবস ২০২৪ উপলেক্ষ্যে বীর মুক্তিযোদ্ধাগণের পরিবহনের জন্য বাসভাড়া পরিশোধ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>জ) উপজেলা পরিষদ মিলনায়তন, উপজেলা চেয়ারম্যান, ভাইস চেয়রম্যাদ্বয়ের প্রয়োজনীয় অফিস মেরামত ও আসবাপত্র (চেয়ার, টেবিল ও আনুসঙ্গিক মালামাল) ও অফিস সরঞ্জামাদি সরবরাহ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঝ) উপজেলা পরিষদের অভ্যন্তরে সিসি ক্যামেরাসমূহ মেরামত/প্রযোজ্য ক্ষেত্রে নতুন স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঞ) উপজেলা পরিষদ মিলনায়তনে সাউন্ড সিস্টেম ও বৈদ্যুতিক ফ্যান সরবরাহ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ত) ১৪৩০ ও ১৪৩১ বাংলা সনের হাট-বাজার ইজারা আয়ের ১৫% অর্থ দ্বারা বিধি মোতাবকে হাট বাজার উন্নয়নের জন্য প্রকল্প গ্রহণ ও | সরকারি নির্দেশনা মোতাবেক উল্লেখিত ব্যয় সমূহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মিটানোর বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(থ) ১৪৩০ ও ১৪৩১ বাংলা সনের হাট-বাজার ইজারা আয়ের ১০% অর্থ দ্বারা উপজেলার অনন্নুত হাট-বাজার উন্নয়নের জন্য সমহারের বন্টনের মাধ্যমে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(দ) উপজেলা পরিষদের জুন ও জুলাই ২০২৪ মাসের পত্রিকা বিল পরিশোধ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ধ) উপজেলা পরিষদের জীপ গাড়ির জ্বালানী বিল ও জীপ গাড়ির মেরামত বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ন) উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের ভ্রমণ বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| ২৬ | বিবিধ-০২ | মদনপুর তোহা বাজারে Wet Market Construction/ Renovational Equiepement স্থাপন করার জন্য অনুমোদিত হয়। কিন্তু উক্ত বাজারে মামলা চলমান থাকায় আমতলা ইউনিয়নের আমাতলা বাজারে Wet Market Construction/Renovational Equiepement স্থাপন করার বিষয়ে আলোচনা হয় এবং সার্বিক আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | আমতলা ইউনিয়নের আমাতলা বাজারে, Wet Market Construction/ Renovational Equiepment স্থাপন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা নেত্রকোনা সদর, নেত্রকোণা। |
| ২৭ | বিবিধ-৩ | গত ১৫/০২/২৪ তারিখে জাতীয় পর্যায়ে স্টিয়ারিং কমিটির আলোচনায় মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনামতে সকল ইউনিয়ন পরিষদে ইউডিসির মাধ্যমে বিদেশ গমনেচ্ছুদের আবেদনের ব্যবস্থা এবং সেবায় সহনীয় মূল্য নির্ধারণ বিষয়ে আলোচনা হয়। তাছাড়া ইউডিসির মাধ্যমে এবং ইউনিয়ন পরিষদ থেকে প্রদত্ত সেবাসমূহের সেবামূল্য নির্ধারণ বিষয়ে আলোচনা হয়।<br><br>তাছাড়া স্মার্ট বাংলাদেশ বিনির্মানে এখন থেকে ডিজিটাল মাধ্যমে prottoyon.gov.bd থেকে নাগরিক সনদ, ওয়ারিশান সনদ, চারিত্রিক সনদসহ সকল সেবায় QR code সম্বলিত সনদ প্রদানের বিষয়ে আলোচনা হয়। | (ক) ইউডিসির মাধ্যমে ইউনিয়ন পর্যায়ে বিদেশ গমনেচ্ছুদের আবেদন সেবা চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) যত দ্রুত সম্ভব সকল ইউপি চেয়ারম্যান ও ইউপি সচিবদের নিয়ে ইউডিসি প্রদত্ত সেবাসমূহের সেবামূল্য নির্ধারণ সভা করতে হবে।<br>(গ) স্মার্ট বাংলাদেশ বিনির্মানে এখন থেকে ডিজিটাল মাধ্যমে prottoyon.gov.bd থেকে নাগরিক সনদ, ওয়ারিশান সনদ, চারিত্রিক সনদসহ সকল সেবায় QR code সম্বলিত সনদ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br><br>চেয়ারম্যান, ইউপি (সকল) |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণের দক্ষতা ও আন্তরিকতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৫/০৭/২৪
(মোঃ মারুফ হাসান খান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নেত্রকোণা সদর, নেত্রকোণা
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা

স্মারক নম্বর-০৫.৪৫.৭২৭৪.০০০.১৮.০০১.১৯- ৫৫ তারিখ : ২৫ জুলাই ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১.মাননীয় সংসদ সদস্য, ১৫৮, নেত্রকোণা-০২।
২.সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩.বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪. জেলা প্রশাসক, নেত্রকোণা।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা।
৬. চেয়ারম্যান..............................ইউনিয়ন পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৭. উপজেলা...............................অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৮. চেয়ারম্যান,...............................ইউনিয়ন পরিষদ(সকল) নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৯. ..................................................................................................

২৫/০৭/২৪
(তানিয়া তাবাসসুম)
উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা

CamScanner